# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭১২

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হারামের সীমানায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য দিবসের একটি নির্দিষ্ট সময়ে রক্তপাত করা বৈধ ছিল, তারপর সেটা চিরদিনের জন্য হারাম হয়ে যায় মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَكَّةَ إِنَّمَا أُحِلَّتْ لِلْمُصْطَفَى صلى الله عليه وسلم سَاعَةً وَاحِدَةً فَقَطْ ثُمَّ حُرِّمَتْ حَرَامَ الْأَبَدِ

---

আরবী

3712 - أَخْبَرَنَا الْمُفَضَّلُ بْنُ مُحَمَّدٍ الْجَنَدِيُّ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ الْحُلْوَانِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ قَالَ: حَدَّثَنَا مُفَضَّلُ بْنُ مُهَلْهِلٍ عَنْ مَنْصُورٍ عَنْ مُجَاهِدٍ عَنْ طَاوُسٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمَ فَتْحِ مَكَّةَ: (إِنَّ هَذَا الْبَلَدَ حَرَامٌ حرَّمه اللَّهُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ لَا يُنَفَّرُ صَيْدُهُ وَلَا يُعْضَدُ شَوْكَهُ وَلَا تُلْتقط لُقَطَتُهُ إِلَّا مَنْ عرَّفها وَلَا يُخْتَلَى خَلَاؤُهُ) فَقَالَ الْعَبَّاسُ: إِلَّا الإذخرَ فَإِنَّهُ لِبيوتهم؟ فَقَالَ: (إِلَّا الْإِذْخِرَ وَلَا هِجْرَة وَلَكِنْ جِهادٌ وَنِيَّةٌ وإذا استُنْفِرْتُمْ فانفروا)

الراوي : ابْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3712 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1761): ق.

বাংলা

৩৭১২. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের দিন বলেছেন, “নিশ্চয়ই এই শহর হারাম। মহান আল্লাহ এটাকে কিয়ামত পর্যন্ত হারাম ঘোষনা করেছেন। এখানকার শিকার তাড়িয়ে দেওয়া যাবে না, এখানকার কাঁটা উপড়ে ফেলা যাবে না, এখানকার হারানো জিনিস কুড়িয়ে নেওয়া যাবে না, এখানকার ঘাস উৎপাটন করা যাবে না।”

তখন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “তবে ইযখির ঘাস ব্যতীত। কেননা এটা আমাদের বাড়ির কাজে লাগে।

তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, তবে ইযখির ব্যতীত"। আর (মক্কাবাসীর জন্য) কোন হিজরত নেই। তবে জিহাদ ও নিয়ত বলবত থাকবে। আর যখন তোমাদের জিহাদে বের হওয়ার আহবান করা হবে, তখন তোমরা বের হবে।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৩৫৩; তাবারানী কাবীর: ১০৯৪৩; সুনান বাইহাকী: ৬/১৯৯; মুসনাদ আহমাদ: ১/৩১৫-৩১৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৭১৩; সহীহুল বুখারী: ১৫৮৭; আবূ দাঊদ: ১৩৫৩; তিরমিযী: ১৫৯০; নাসাঈ: ৫/২০৩-২০৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৭৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93049

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন